# ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের
# ৩৭তম সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ ঃ ২৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা

স্থান ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, লালদিঘী, চট্টগ্রাম

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

আপনার শহরকে পরিচ্ছন্ন
ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৭তম সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ |
| স্থান | : | দুর্যোগ ব্যবস্থাপনা ভবন,লালদিঘী,চট্টগ্রাম |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে চট্টগ্রামের গণ্যমান্য ব্যক্তিদের মৃত্যুতে শোক প্রকাশ এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়।

সভাপতি বায়ান্নের ভাষা শহিদদের স্মরণ করে উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৬তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম গত সভায় বিভিন্ন সংস্থা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগওয়ারী গৃহিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত সচিব জনাব মোহাম্মদ নজরুল ইসলাম-কে আহবান জানান।

ভারপ্রাপ্ত সচিব এ বিষয়ে বিভিন্ন সংস্থার প্রতিনিধি, চসিকের বিভাগীয় প্রধানগণ ও প্রকৌশল বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরিচালকদের প্রকল্প অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন বিশেষত সড়ক সংস্কার, জলাবদ্ধতা নিরসন, মশক নিধন বিষয়ে সার্বিক কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের জন্য আহবান জানালে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অগ্রগতির বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। তিনি বিগত সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণে এবং অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।

অতঃপর পরবর্তী আলোচ্য সূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.১. ১৪নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব আবুল হাসনাত মো. বেলাল ব্যাটারিচালিত রিক্সা নিয়ন্ত্রনের জন্য সংশ্লিষ্ট সংস্থা ও জনপ্রতিনিধিদের সমন্বয়ে টাস্কফোর্স গঠনের অনুরোধ জানান।

১.২.১৬নং চকবাজার ওয়ার্ড কাউন্সিলর জনাব নূর মোস্তফা টিনু বলেন, জাতিসংঘ পার্ক এলাকায় গণপূর্তের সংস্কার কাজের জন্য সংশ্লিষ্ট নালাগুলো নষ্ট হয়ে যাওয়ায় সংলগ্ন এলাকায় জলমগ্ন হয়ে বিরূপ পরিবেশ সৃষ্টি হয় বিধায় দ্রুত নালাগুলো সংস্কারের অনুরোধ জানান।

১.৩. ১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ নুরুল আলম বাকলিয়া কাঠের পুল এলাকায় ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক পোল অপসারণের দ্রুত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।তিনি তাঁর ওয়ার্ডে বিদ্যমান আনুমানিক ৪০০০ ব্যাটারিচালিত রিক্সার কারণে নিয়মিত দুর্ঘটনা ঘটছে উল্লেখ করে রিক্সাগুলোর চার্জিং পয়েন্টে জোরদারভাবে অভিযান পরিচালনার জন্য পিডিবি কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

১.৪. ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ ইলিয়াছ বলেন, রোড কাটিং বাবদ প্রাপ্য রাজস্ব যাতে গ্রাহক কর্তৃক কোনভাবে ফাঁকি দিতে না পারে সেজন্য ওয়াসাকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাকে অনুরোধ জানান।

১.৫. ২৯নং পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ডের কাউন্সিলর জনাব গোলাম মো: জোবায়ের মাদারবাড়িতে হোটেল আল খসেরীর পাশের ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক পোল অপসারণে পিডিবিকে অনুরোধ জানান। তিনি অতি দ্রুত প্রতিটি ওয়ার্ড সার্ভে করে ওয়াসার লিকেজগুলো মেরামতের অনুরোধ জানান।
১.৬. ৩৩নং ফিরিঙ্গিবাজার ওয়ার্ডের কাউন্সিলর জনাব হাসান মুরাদ বলেন, তার ওয়ার্ডে বিভিন্ন স্থানে বৈদ্যুতিক খুঁটি হেলে পড়েছে যা জরুরিভিত্তিতে অপসারণ প্রয়োজন। তাছাড়া রাস্তার মাঝখানে পড়ে থাকা বৈদ্যুতিক পোলসমূহ এবং নালা ও বক্স কালভার্টের ভিতর দিয়ে বসানো ওয়াসার পাইপগুলো সরানোর ব্যবস্থা গ্রহণে তিনি সভাকে অনুরোধ জানান।
১.৭. ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের কাউন্সিলর জনাব মো: মোর্শেদ আলী জলাবদ্ধতা প্রকল্পের অধীনে মহেশ খাল হতে পর্যাপ্ত মাটি অদ্যাবধি উত্তোলন করা হয়নি মর্মে সভাকে জানান।
১.৮. ৩৭ নং উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ আবদুল মান্নান বলেন, ২৫০০ কোটি টাকার প্রকল্পের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডে সড়ক নির্মাণ, সম্প্রসারণ ও উন্নয়ন কাজ চলছে। কিন্তু সড়কের মাঝখানে বৈদ্যুতিক পোল থাকার কারণে প্রশস্ত সড়কের সুফল জনগণ পাচ্ছে না বিধায় তিনি জরুরি ভিত্তিতে বৈদ্যুতিক পোলসমূহ সরানোর অনুরোধ জানান।

১.৯ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপসহকারী প্রকৌশলী জনাব মো. আবু মুসা বলেন, ক্যাবল অপারেটররা বৈদ্যুতিক পোলে ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলগুলো ব্যবহারে নগরের সৌন্দর্যহানিসহ সৃষ্ট সমস্যা ও দুর্ঘটনা সম্পর্কে ক্যাবল মালিকদের অবহিত করে পৃথক খুঁটির মাধ্যমে বক্স স্থাপন করে বা মাটির নিচ দিয়ে বা ড্রেইনের পাশ দিয়ে পাইপলাইনের মধ্য দিয়ে ক্যাবল স্থাপন করে নগরকে স্মার্ট সিটিতে রূপান্তরে বিউবো কর্তৃক সহযোগিতা প্রদানের জন্য গৃহীত সিদ্ধান্ত কর্তৃপক্ষকে অবগত করা হবে। তিনি চসিকের সড়ক উন্নয়ন প্রকল্প প্রণয়নকালে বৈদ্যুতিক পোল স্থানান্তরের খরচ প্রজেক্টে অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান।

১.১০. চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার কাজী হুমায়ুন রশীদ নিউমার্কেট, স্টেশন রোডসহ বিভিন্ন এলাকার দখলকৃত সড়ক, ফুটপাতগুলো থেকে হকার উচ্ছেদের মাধ্যমে সড়কসমূহ যানজটমুক্ত ও ফুটপাতগুলো সাধারণ জনগণের চলাচলের জন্য উন্মুক্ত করায় মাননীয় মেয়রকে অভিনন্দন জানান। তিনি ব্যাটারিচালিত রিক্সা বন্ধে সবাইকে সমন্বিতভাবে কাজ করতে অনুরোধ জানান। তিনি নতুন ভবন নির্মাণে ফুটপাতের অংশটুকু সঠিকভাবে রাখা হচ্ছে কিনা তা তদারকির জন্য চসিককে অনুরোধ জানান।

১.১১. চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী প্রকৌশলী জনাব আহমদ মঈনুদ্দিন বলেন, জলাবদ্ধতা নিরসন প্রকল্পের অধীনে চাক্তাই খাল, মির্জা খাল, মুরাদপুর খাল, মহেশ খাল সহ গুরুত্বপূর্ণ খালগুলোর মাটি চলমান শুষ্ক মৌসুমের মধ্যে পরিপূর্ণভাবে উত্তোলনের মাধ্যমে জলাবদ্ধতাপ্রবণ স্থানসমূহের জলাবদ্ধতা নিরসনে গতিশীলভাবে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে সেনাবাহিনীর প্রকল্প পরিচালককে সাধারণ সভায় আমন্ত্রণ জানালে আরো বিশদভাবে বলতে পারবেন। এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের আওতাভুক্ত সড়কসমূহ পর্যায়ক্রমে জেব্রাক্রসিং ও লেইন মার্কিং করে প্রস্তুতপূর্বক হস্তান্তর করা হবে। বহদ্দারহাট বারইপাড়া খালের দুইপাশের রাস্তার সাথে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্মিত স্লুইসগেইট সংলগ্ন রিং রোডের সংযোগ স্থাপনের জন্য ১ একর ভূমি হস্তান্তরের বিষয়ে চসিকের সাথে এমওইউ স্বাক্ষরের জন্য ২১-০৫-২০২৩ খ্রি. তারিখে সিডিএতে পাঠানো খসড়া সংশোধন করে চসিক-এ পাঠানো হয়েছে। পূর্ব ষোলশহরের জলাবদ্ধতা নিরসনে এক কিলোমিটার এলাকায় কালভার্টের মাধ্যমে বারইপাড়া খালের সাথে বাকলিয়া খালের সংযোগ করে বাকলিয়া খালের পানি বারইপাড়া খালের মাধ্যমে কর্ণফুলীতে নিষ্কাশনে সিডিএ কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। নগরীর বিভিন্ন স্থানে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে সিডিএ কর্তৃক বাস্তবায়িত জলাবদ্ধতা প্রকল্পের আরডিপিপির একটি কপি চট্টগ্রাম সিটি কর্পোরেশনে প্রেরণ করা হয়েছে।

১.১২. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মো. গোলাম মোর্শেদ বলেন, নিউ মার্কেট এলাকায় হকারদের উচ্ছেদ করে অফিসে প্রবেশের পথ সুগম করায় মাননীয় মেয়রকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

১.১৩. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম সাধারণ থ্রি হুইলারকে যন্ত্রচালিত মোটর রিক্সায় রূপান্তরকরণ এবং সড়ক অনুযায়ী গণপরিবহন ব্যবস্থা চালুকরণের প্রস্তাব করেন।

১.১৪ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের একান্ত সচিব জনাব আবুল হাশেম নিউ মার্কেট মোড়ে উচ্ছেদ অভিযানে হামলার ঘটনায় দায়েরকৃত মামলায় কোন আসামী অদ্যাবধি গ্রেপ্তার হয়নি মর্মে সভাকে জানান।

১.১৫. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম বলেন, ব্যাটারিচালিত রিক্সা নিয়ন্ত্রণে সুনির্দিষ্ট ওয়ার্ডওয়ারী অভিযান পরিচালনা করা যেতে পারে।। নিউমার্কেট, স্টেশন রোড এলাকায় অবৈধভাবে সড়ক দখলকারীদের উচ্ছেদকালে পুলিশ, সরকারি কর্মকর্তা ও চসিকের কর্মীদের উপর হামলাকারীদের দ্রুত গ্রেপ্তারপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি ৩ মার্চ পুনরায় উচ্ছেদ অভিযান পরিচালনার সিদ্ধান্তের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগিতা কামনা করেন। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগিতায় বায়েজীদ এলাকায় গণপূর্ত অধিদপ্তরের উদ্ধারকৃত জায়গায় হকারদের জন্য হলিডে মার্কেট স্থাপনের বিষয়ে আগামি সাধারণ সভায় মতামত প্রদানের জন্য গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধিকে অনুরোধ করেন।

১.১৬. সভার সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী তাঁর বক্তব্যের শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা, প্যানেল মেয়র, কাউন্সিলর ও অন্যান্য সংস্থা থেকে উপস্থিত অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

ভাষার মাসে ভাষা সৈনিকদের বিনম্র শ্রদ্ধা জানিয়ে সভাপতি বলেন, ভাষা আমাদের সংস্কৃতি, আমাদের ঐতিহ্য। আমরা আমাদের মাতৃভাষাকে সমৃদ্ধ করবো। একুশের চেতনা আমাদের হৃদয়ে ধারণ করে সোনার বাংলা গড়ার লক্ষ্যে আমরা একযোগে এগিয়ে যাবো।

সভাপতি বলেন, ভৌগোলিক কারণে দীর্ঘকাল থেকেই উপমহাদেশে বন্দরনগরী চট্টগ্রামের গুরুত্ব অপরিসীম। সে বিবেচনায় সময়ের চাহিদার প্রেক্ষিতে নগরীতে গড়ে উঠেছে টানেল, বে-টার্মিনাল, ইকোনমিক জোন, সরকারি ও দেশি বিদেশি বিভিন্ন সংস্থার গুরুত্বপূর্ণ কার্যালয় যা চট্টগ্রামকে দেশের অর্থনীতির হৃদপিণ্ড হিসেবে পরিণত করেছে। টেকসই উন্নয়নের মাধ্যমে চট্টগ্রামকে বিশ্বমানের স্মার্ট নগরী হিসেবে পরিণত করতে চট্টগ্রামকে যানজট মুক্ত পরিচ্ছন্ন নগরী হিসেবে গড়ে তোলার কোন বিকল্প নেই। সেলক্ষ্যে চট্টগ্রামের রাস্তা, ফুটপাত অবৈধ দখলমুক্ত করে জনগণের নিরাপদ চলাচল নিশ্চিতকরণে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নিয়মিত উচ্ছেদ অভিযান পরিচালনা করছে যার ফলে সাধারণ জনগণের ফুটপাতে নির্বিঘ্নে চলাচল নিশ্চিত হচ্ছে। গুরুত্বপূর্ণ সড়কসমূহে যানজট, ছিনতাই হ্রাস পেয়েছে। জনমনে স্বস্তি বিরাজ করছে। তাই কোন অবস্থাতেই জনগণের চলাচলের স্থানে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে দেয়া যাবে না যা এ পরিষদের দৃঢ় সিদ্ধান্ত।
হকার পুনর্বাসন প্রসঙ্গে সভাপতি বলেন, বর্তমান পরিষদ দায়িত্ব নেয়ার পর শেরশাহ, তারা গেইট এলাকায় হকার পুনর্বাসন করেছে। পর্যায়ক্রমে আগ্রাবাদসহ বিভিন্ন এলাকার উপযুক্ত স্থানে শুক্র ও শনিবার হলিডে মার্কেট চালুর ব্যবস্থা গ্রহণ করা হবে।

আইন প্রয়োগকারী সংস্থার উদ্দেশ্যে সভাপতি বলেন, চসিক সড়ক, ফুটপাতসহ যে কোন জায়গা উদ্ধার করলে সংশ্লিষ্ট থানা এবং র‍্যাবের টহল টিম কর্তৃক নিয়মিত মনিটরিং এর মাধ্যমে ফুটপাত ও সড়কগুলো উন্মুক্ত রেখে গুরুত্বপূর্ণ স্থানগুলো যানজট মুক্ত রাখতে হবে এবং সাধারণ জনগণের নির্বিঘ্ন চলাচলের ব্যবস্থা করতে হবে। আসন্ন পবিত্র রমজান মাসে নগরীতে যানজট হ্রাস ও আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতির মাধ্যমে জনগণের ভোগান্তি লাঘবে জোরদারভাবে আইন প্রয়োগকারী সংস্থাকে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

বিউবোর উদ্দেশ্যে সভাপতি বলেন, নগরীতে ফুটপাতে অবৈধ দোকানে যাতে কোনভাবে বিদ্যুৎ সংযোগ দেয়া না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ইতোমধ্যে বিভিন্ন স্থানে প্রদত্ত অনুরূপ সংযোগসমূহ বিচ্ছিন্ন করে ফুটপাত অবৈধ দখলদারমুক্ত করতে চসিককে সহায়তা করতে হবে। পিডিবির বৈদ্যুতিক পোলসমূহে যাতে ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলের জঞ্জালে পরিণত না হয় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। স্মার্ট চট্টগ্রাম বিনির্মাণে ইতোমধ্যে তিনটি ওয়ার্ডের ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলসমূহ ভূগর্ভে পাইপের ভিতর দিয়ে স্থাপন করার কার্যক্রম চলছে যা পর্যায়ক্রমে প্রতিটি ওয়ার্ডে বাস্তবায়ন করা হবে।
সভাপতি ওয়াসা ও পিডিবিকে পবিত্র রমজান মাসে যাতে গ্রাহকদের কোনরূপ ভোগান্তি পোহাতে না হয় সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন।
সভাপতি বলেন, ব্যাটারিচালিত রিক্সাগুলোতে প্রতিনিয়ত দুর্ঘটনা ঘটছে। প্রয়োজনে সনাতন পদ্ধতিতে তৈরিকৃত গাড়িগুলো বুয়েট চুয়েটের বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষা নিরীক্ষা করে সোলারে রূপান্তরের মাধ্যমে রাস্তায় চলাচল উপযোগী করার ব্যবস্থা করা হবে। প্রকৌশল বিভাগের উদ্দেশ্যে সভাপতি বলেন, নির্ধারিত সময়ের মধ্যে কি কারণে জেব্রা ক্রসিং ও রোড মার্কিং কাজ সম্পন্ন হয়নি সে বিষয়ে কোন গাফিলতি থাকলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

আসন্ন রমজান মাসে পরিচ্ছন্নতার উপর গুরুত্বারোপ করে সভাপতি বলেন, রমজান মাস উপলক্ষ্যে মসজিদ, কবরস্থানসহ ধর্মীয় প্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং মশক নিধনের কার্যক্রম জোরদার করতে হবে। নগরীর সকল নালা, নর্দমা, সড়ক, বাজার ও বিপণীকেন্দ্রগুলোতে পরিচ্ছন্ন কার্যক্রম সুচারুরূপে বাস্তবায়ন করতে হবে। পরিচ্ছন্ন কাজে কোনরূপ ত্রুটি পরিলক্ষিত হলে দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। নগরীর ফুটপাত, রাস্তা, স্থাপনা, হোটেলের সম্মুখে কোন আবর্জনা না ফেলার বিষয়ে নিয়মিত প্রচারণা চালানো হচ্ছে। তারপরও কেউ নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে জরিমানার আওতায় আনা হবে।

পে-পার্কিং বিষয়ে সভাপতি বলেন, চট্টগ্রাম মহানগরীতে মার্চ মাসের মধ্যে আগ্রাবাদসহ নগরের গুরুত্বপূর্ণ এলাকায় স্মার্ট পে পার্কিং ব্যবস্থা বাস্তবায়ন করতে হবে। ডিজিটাল সিগন্যাল সিস্টেম চালুর জন্য নিউ মার্কেট মোড় ও কাজীর দেউরী মোড়ে পাইলট প্রকল্প পরিচালিত হচ্ছে তা সফল হলে সমগ্র নগরীতে বাস্তবায়ন করা হবে।

বিদ্যুৎ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উদ্দেশে সভাপতি বলেন, কবরস্থান, মসজিদসহ সর্বত্র বিদ্যুতের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি জ্বলতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট সুপারভাইজার ও কর্মকর্তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
সিডিএ কর্তৃক বাস্তবায়িত নগরীর জলাবদ্ধতা প্রকল্পের মন্থরগতি প্রসঙ্গে সভাপতি বলেন, জলাবদ্ধতা নিরসন প্রকল্পের অধীনে চাক্তাই খাল, মির্জা খাল, মুরাদপুর খাল, মহেশ খালসহ গুরুত্বপূর্ণ খালগুলোর মাটি চলমান শুষ্ক মৌসুমের মধ্যে পরিপূর্ণভাবে উত্তোলনের মাধ্যমে জলাবদ্ধতাপ্রবণ স্থানসমূহের জলাবদ্ধতা নিরসনে গতিশীলভাবে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভাপতি মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'স্মার্ট বাংলাদেশ' গড়ার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ সেবা সংস্থাগুলোকে সাথে নিয়ে নাগরিকের সেবার মান বাড়িয়ে চট্টগ্রামকে শৃঙ্খলাবদ্ধতা ও যানজট মুক্ত, পরিচ্ছন্ন, তিলোত্তমা নগরী হিসেবে পরিণত করতে সকলের সহযোগিতা কামনা করেন।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্যসূচি ০১ ঃ গত ৩০জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৬তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন। | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| সভাপতির অনুমতিক্রমে বিগত৩০ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৬তম সাধারণ সভার কার্যবিবরণী ভারপ্রাপ্ত সচিব সভায় উপস্থাপন করেন এবং তা অনুমোদনের বিষয়ে আলোচনা হয়। | কোনরূপ সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৬তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও পর্যালোচনা। | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অত্র সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

<u>৩:১: সেবা সংস্থাসমূহের আলোচনা ও সিদ্ধান্তঃ</u>

| সংস্থা/বিভাগ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম ওয়াসা | ১। ক্ষতিগ্রস্ত প্রতিটি ওয়ার্ড সার্ভে করে ওয়াসার পিটগুলো মেরামতের ব্যবস্থা করতে হবে।<br>২। রোড কাটিং বাবদ প্রাপ্য রাজস্ব যাতে গ্রাহক কোনভাবে ফাঁকি দিতে না পারে সেজন্য ওয়াসাকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। পবিত্র রমজান মাসে নগরীর সর্বত্র সুপেয় পানি সরবরাহ নিশ্চিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) ব্যবস্থাপনা পরিচালক<br>চট্টগ্রাম ওয়াসা<br>খ) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| গণপূর্ত অধিদপ্তর | ১। জাতিসংঘ পার্ক এলাকায় গণপূর্তের সংস্কার কাজের জন্য সংশ্লিষ্ট নালাগুলো নষ্ট হয়ে যাওয়ায় সংলগ্ন এলাকা জলমগ্ন হয়ে বিরূপ পরিবেশ সৃষ্টি হচ্ছে বিধায় দ্রুত নালাগুলো পরিষ্কারের ব্যবস্থা করতে হবে।<br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগিতায় বায়েজীদ এলাকায় গণপূর্ত অধিদপ্তরের উদ্ধারকৃত জায়গায় হকারদের জন্য হলিডে মার্কেট স্থাপনের বিষয়ে আগামি সাধারণ সভায় মতামত প্রদান করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>গণপূর্ত অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | ১। নগরীতে ফুটপাতে অবৈধ দোকানে যাতে কোনভাবে বিদ্যুৎ সংযোগ দেয়া না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ইতোমধ্যে বিভিন্ন স্থানে প্রদত্ত অনুরূপ সংযোগসমূহ বিচ্ছিন্ন করে ফুটপাত অবৈধ দখলদারমুক্ত করতে চসিককে সহায়তা করতে হবে।<br>২। পিডিবির বৈদ্যুতিক পোলে যাতে ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলের জঞ্জালে পরিণত না হয় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। দক্ষিণ বাকলিয়া কাঠের পুল এলাকায়, মাদারবাড়িতে হোটেল আল খাজেগীর পাশে, ফিরিঙ্গিবাজারের ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক পোল এবং ৩৭ নং ওয়ার্ডসহ অন্যান্য ওয়ার্ডে রাস্তার অভ্যন্তরে স্থিত পোলসমূহ স্থানান্তরে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। রাস্তায় ও নালায় পড়ে থাকা বৈদ্যুতিক পোলসমূহ দ্রুত সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। বিগত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমূহ যা এখনো বাস্তবায়ন করা হয়নি ঐ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন পূর্বক তার অগ্রগতি প্রতিবেদন আকারে আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড চট্টগ্রাম।<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |
| চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ | ১। চসিক সড়ক, ফুটপাতসহ যে কোন জায়গা উদ্ধার করলে সংশ্লিষ্ট থানাগুলো নিয়মিত মনিটরিং এর মাধ্যমে ফুটপাত ও সড়কগুলো উন্মুক্ত রেখে গুরুত্বপূর্ণ স্থানগুলো যানজট মুক্ত রাখতে হবে এবং সাধারণ জনগণের নির্বিঘ্ন চলাচলে ব্যবস্থা করতে হবে।<br>২। নিউমার্কেট, স্টেশন রোড এলাকায় অবৈধভাবে সড়ক দখলকারীদের উচ্ছেদকালে পুলিশ, সরকারি কর্মকর্তা ও চসিকের কর্মীদের উপর হামলাকারীদের দ্রুত গ্রেপ্তারপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। আসন্ন রমজানে নগরীতে যানজট হ্রাস ও আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতির মাধ্যমে জনগণের ভোগান্তি লাঘবে জোরদারভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। বিগত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমূহ যা এখনো বাস্তবায়ন করা হয়নি ঐ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন পূর্বক তার অগ্রগতি প্রতিবেদন আকারে সভায় উপস্থাপন করতে হবে। | ক) কমিশনার চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ<br>খ) অধিনায়ক র‍্যাব-৭<br>গ) নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ১। জলাবদ্ধতা নিরসন প্রকল্পের অধীনে চাক্তাই খাল, মির্জা খাল, মুরাদপুর খাল, মহেশ খাল সহ গুরুত্বপূর্ণ খালগুলোর মাটি চলমান শুষ্ক মৌসুমের মধ্যে পরিপূর্ণভাবে উত্তোলনের মাধ্যমে জলাবদ্ধতাপ্রবণ স্থানসমূহের জলাবদ্ধতা নিরসনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নির্ধারিত সময়সূচী অনুযায়ী কোন খালে কি পরিমান মাটি উত্তোলিত হয়েছে তার তথ্য ও বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>২। এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের আওতাভুক্ত সড়কসমূহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে হস্তান্তরের ক্ষেত্রে সড়কগুলো পরিপূর্ণভাবে প্রস্তুতপূর্বক জেব্রাক্রসিং ও লেইন মার্কিং এর কাজ সম্পন্ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৩। বহদ্দারহাট বারইপাড়া খালের দুইপাশের রাস্তার সাথে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্মিত স্লুইচগেইট সংলগ্ন রিং রোডের সংযোগ স্থাপনের জন্য ১একর ভূমি হস্তান্তরের বিষয়ে চসিকের সাথে এমওইউ স্বাক্ষর দ্রুত সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৪। পূর্ব ষোলশহরের জলাবদ্ধতা নিরসনের এক কিলোমিটার এলাকায় কালভার্টের মাধ্যমে বারইপাড়া খালের সাথে বাকলিয়া খালের সংযোগ করে বাকলিয়া খালের পানি বারইপাড়া খালের মাধ্যমে কর্ণফুলীতে নিষ্কাশনে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এর বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | ক) চেয়ারম্যান চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।<br>খ) প্রকল্প পরিচালক চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসন প্রকল্প সিডিএ/বাংলাদেশ সেনাবাহিনী<br>গ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

### ৩.২. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত:
### ৩.২.১: প্রকৌশল বিভাগ
### ৩.২.১.১: প্রকৌশল বিভাগ(পুরকৌশল শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের পুরকৌশল শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। নির্ধারিত সময়ের মধ্যে কি কারণে জেব্রা ক্রসিং ও রোড মার্কিং কাজ সম্পন্ন হয়নি সে বিষয়ে কোন গাফিলতি থাকলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় বিদেশি বিনিয়োগকারীদের সহযোগিতায় স্মার্ট পে-পার্কিং পাইলটিং ভিত্তিতে বাস্তবায়নের জন্য চুক্তির খসড়া উপস্থাপিত হলে চুক্তি স্বাক্ষরের বিষয়টি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>৩। মার্চ মাসের মধ্যে আগ্রাবাদসহ নগরের গুরুত্বপূর্ণ এলাকায় স্মার্ট পে পার্কিং প্রকল্প বাস্তবায়ন করতে হবে।<br>৪। প্রতিটি ওয়ার্ডে ২৫০০ কোটি টাকার প্রকল্পের অধীনে কী পরিমাণ কাজ সম্পন্ন হয়েছে, তা সাধারণ সভায় পেশ করতে হবে।<br>৫। নতুন সড়ক নির্মাণ, সড়ক সংস্কারসহ অবকাঠামো উন্নয়নের জন্য নতুন ডিপিপি তৈরি করতে হবে।<br>৬। শুষ্ক মৌসুমেই গুরুত্বপূর্ণ অবকাঠামোগত কাজে অগ্রগতি নিশ্চিত করতে হবে। রাস্তা ঢালাই ও কাজের সময় সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, সুপারভাইজারগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>৭। কাজের মান নিশ্চিত করতে ওয়ার্ডের কাউন্সিলরদের সাথে আলাপ করে প্রাধিকার ভিত্তিতে টেন্ডার দিতে হবে।<br>৮। উন্নয়ন কাজ চলাকালে কাজের স্বচ্ছতার বিষয়ে জবাবদিহিতা নিশ্চিতকরতে এলাকার সাইনবোর্ডে কাজের বিবরণ থাকতে হবে এবং ১ মাসের মধ্যে ২৫০০ কোটি টাকার বাস্তবায়িত সকল প্রকল্পে নামফলক স্থাপন করতে হবে।<br>৯। কোন ঠিকাদারের বিরুদ্ধে নিম্নমানের কাজের অভিযোগ প্রমাণিত হলে তাকে জরিমানা করতে হবে, প্রয়োজনে কার্যাদেশ বাতিল করা হবে।<br>১০। পরবর্তী সাধারণ সভার পূর্বে ওয়াসা স্যুয়ারেজ প্রকল্পের মাটি খননের লে আউট অনুযায়ী বাস্তবায়ন করছে কিনা তা সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রদান করতে হবে।<br>১১। শহরের সকল সড়কে জেব্রা ক্রসিং ও লেইন মার্কিংয়ের কাজ মার্চের মধ্যে শেষ করতে হবে এবং দুর্ঘটনারোধে মিডে আইল্যান্ড ও গোল চত্বরসমূহে রেক্ট্রো রিফ্লেকটিভ স্টিকার ব্যবহার করতে হবে।<br>১২। চানমিয়া সওদাগর রোডের অসমাপ্ত অংশ কেটে প্যাচওয়ার্ক করে জরুরি ভিত্তিতে যানবাহন চলাচলের উপযোগী করে দিতে হবে।<br>১৩। ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারকৃত কাজের গুণগতমান বজায় রাখার জন্য নির্মাণ সামগ্রী চসিকের ল্যাবে পরীক্ষা করতে হবে।<br>১৪। প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী ও সুপারভাইজারদের সড়ক, ফুটপাত, সড়কদ্বীপসমূহের জরুরি ভিত্তিতে সংস্কারের নিমিত্তে নিয়মিত সরেজমিনে পরিদর্শন নিশ্চিত করতে হবে।<br>১৫। জনগণের নির্বিঘ্ন চলাচলে যাতে সমস্যা না হয় সেজন্য বিপদজনক ও ঝুঁকিপূর্ণ গাইডওয়াল, নালার উপর স্লাব, প্রতিবন্ধকসহ সকল সড়কের নির্মাণও মেরামত কাজ দ্রুত শেষ করতে হবে। যেসব ঝুঁকিপূর্ণ খাল-নালার উপর স্লাব নির্মাণ সম্ভব নয় সে স্থানে সতর্কীকরণ/ নির্দেশক চিহ্ন অথবা ব্যারিয়ার স্থাপন করতে হবে। প্রকৌশল বিভাগ জরুরী ভিত্তিতে জোনওয়ারী এ কার্যক্রম সম্পন্ন করবেন এবং সম্পাদিত কাজের অগ্রগতি সুস্পষ্টভাবে তালিকা আকারে প্রতিবেদন পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করবেন। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রকল্প পরিচালক চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (সকল) চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| | ১৬। সাড়াইপাড়া খালখনন প্রকল্পের এলএ শাখা কর্তৃক প্রাপ্ত ভূমিতে প্রকল্পের মেয়াদের মধ্যে খনন ও সাইডওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে এবং এক্ষেত্রে কোন অবস্থাতেই নির্দিষ্ট সময়সীমা অতিক্রম করা যাবে না। খালের দৈর্ঘ্য অনুযায়ী যতটুকু ভৌত অগ্রগতি সম্পন্ন হয়েছে তা সাধারণ সভায় সুনির্দিষ্টভাবে গ্রাফচার্ট এর মাধ্যমে উপস্থাপন করতে হবে। ১৬। সেবক কলোনী নির্মাণ প্রকল্পের অধীনে নির্মিত ভবনসমূহের প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত কাজের পরিমান সুস্পষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। ১৭। বাস-ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী মাসওয়ারী যতটুকু কাজ সম্পন্ন হয়েছে তার ভৌত ও আর্থিক অগ্রগতি গ্রাফচার্ট আকারে সুনির্দিষ্টভাবে প্রতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | |

৩:২১.২ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের বিদ্যুৎ শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১।নগরীর প্রতিটি ওয়ার্ডের ঝুঁকিপূর্ণ ও রাস্তার অভ্যন্তরে স্থিত বৈদ্যুতিক পোলসমূহের কাউন্সিলরদের সাথে সমন্বয় করে তালিকা প্রস্তুতপূর্বক সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>২। বৈদ্যুতিক পোল স্থাপনে পিডিবি থেকে সড়ক কর্তন ফি আদায়ের বিষয়ে মন্ত্রনালয়ে ডিও প্রেরণ করতে হবে।<br>৩।পবিত্র রমজান মাসে সকল মসজিদ,কবরস্থানের পোলসমূহে বাতি প্রজ্বলন নিশ্চিত করতে হবে।<br>৩। নগরীর মূলসড়কসহ প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি প্রজ্বলন নিশ্চিত করতে হবে।<br>৪। এলওসির মাধ্যমে বাস্তবায়নাধীন এলইডি প্রকল্পের টেন্ডার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২১.৩ঃ প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।। | ১। যান্ত্রিক শাখার যানবাহন, জ্বালানী তেল, গ্যাসের সুষ্ঠ ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।<br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ কাজগুলো যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্তে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় যানবাহন ও যন্ত্রপাতি ক্রয়ের কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী (যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২.২ঃ রাজস্ব বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় রাজস্ব বিভাগের কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনায়নে এবং রাজস্ব আদায় বৃদ্ধিতে আরো সচেষ্ট হওয়া সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে | ১. হকারদের পূর্ণবাসনে হলিডে মার্কেট চালু করতে হবে।<br>২. ই-রেভেনিউ পদ্ধতিতে শতভাগ রাজস্ব আদায়ের প্রক্রিয়া বাস্তবায়নের কার্যক্রম দ্রুত শুরু কতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মাসওয়ারি আদায় প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৩. সিটি ডেভেলাপমেন্ট চার্জের বিষয়ে শীঘ্রই বন্দরকে পত্র প্রদানের ব্যবস্থা করতে হবে।।<br>৪. কাষ্টমস এর বিল অব এন্ট্রি থেকে নির্দিষ্ট ফি আদায়ের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫. অননুমোদিত ক্লাবসমূহ থেকে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ও মাসওয়ারী আদায় সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | ৬. সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন কর্মচারীর বেতন/ভাতা প্রদান, বিদ্যালয়ে বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ... জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

৩:২:৩ পরিচ্ছন্নতা বিভাগ সম্পর্কিত আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় পরিচ্ছন্নতা বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। আসন্ন রমজান মাস উপলক্ষে মসজিদ, কবরস্থানসহ ধর্মীয় প্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং মশক নিধন কার্যক্রম চালাতে হবে।<br>২. কবরস্থান আশপাশে, মসজিদের ভিতরে চারপাশে, প্রতিদিন তারাবি নামাজের পূর্বে মশক নিধনের ফগিং কার্যক্রম জোরদার করতে হবে।<br>৩। নগরীর সকল নালা, নর্দমা, সড়ক, বাজার ও বিপণিকেন্দ্রগুলোতে পরিচ্ছন্ন কার্যক্রম সুচারুরূপে বাস্তবায়ন করতে হবে।<br>৪। বর্ষাকালে নগরে জলাবদ্ধতা সৃষ্টি না হয় সেজন্য চলমান শুষ্ক মৌসুমের মধ্যে নগরীর সকল নালা নর্দমা খালের মাটি আবর্জনা পরিপূর্ণভাবে উত্তোলন করে পানি চলাচলের সুবন্দোবস্ত করতে হবে।<br>৫। ডেঙ্গু প্রতিরোধে জনগণকে সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং এডিস মশা জন্মায় এমন স্থানসমূহে আরো অধিক পরিমাণে মশক নিধন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ক) কাউন্সিলরগণ (সকল), চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২:৪ সচিবালয় বিভাগ সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহীত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় সচিবালয় বিভাগ সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্থায়ী কমিটি গঠন প্রবিধান খসড়া সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং তা চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।<br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অর্গানোগ্রাম দ্রুত অনুমোদনের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। বিভিন্ন বিভাগের অর্গানোগ্রামভুক্ত শূন্য পদে বিধি অনুযায়ী নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) আইন কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২:৫: শিক্ষা বিভাগ সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহীত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় শিক্ষা বিভাগ সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সিটি কর্পোরেশন পরিচালিত স্কুল, কলেজ, মাদ্রাসা প্রশিক্ষণ কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। শিক্ষা মানোন্নয়নে শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মমুখী শিক্ষার উপর গুরুত্বারোপ করে সেজন্যবাণী শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বিভিন্ন ট্রেড কোর্স চালুকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।।<br>৪। চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগকৃত স্থায়ী শিক্ষকদের এমপিও ভুক্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) প্রধান শিক্ষা কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) শিক্ষা কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

### ৩.২.৬: হিসাব বিভাগ সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় হিসাব বিভাগ সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। আর্থিক পরিকল্পনা প্রণয়ন ও যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে বিধান অনুযায়ী সিটি কর্পোরেশনের মাসিক, ত্রৈমাসিক আয় ব্যয়ের হিসাব নিয়মিত অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভায় প্রেরণ করতে হবে।<br>২। নাগরিক ও কমিউনিটির জন্য তথ্য প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে হিসাব নিরীক্ষা ও রক্ষণ সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ, সুপারিশ ও তদারকির জন্য কর্পোরেশনের সকল আয় ব্যয়ের হিসাব নিয়মিত হিসাব নিরীক্ষণ ও রক্ষণ কমিটিতে উপস্থাপন করতে হবে।<br>৩। সুষ্ঠু আর্থিক পরিচালনা ও ব্যবস্থাপনা নিশ্চিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রতিটি বিভাগে নিয়মিত অভ্যন্তরীণ অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং তা সাধারণ সভায় পেশ করতে হবে। | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

### ৩.২.৭: স্বাস্থ্য বিভাগ সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় স্বাস্থ্য বিভাগ সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ পরিচালিত হাসপাতাল, নগর স্বাস্থ্য কেন্দ্রসমূহ নিয়মিত মনিটরিং করে সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>২। স্বাস্থ্য বিভাগ পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষার মান বৃদ্ধিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

### আলোচ্যসূচি ৪. বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত:

### ৪.১. বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ২১-১-২০২৪ খ্রি. বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটির ৪র্থ সভায় চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন বাজারের নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য পরিস্থিতি, চসিক এলাকায় অবস্থিত অবৈধ / অননুমোদিত বাজার উচ্ছেদ, আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষ্যে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখার জন্য বিভিন্ন বাজার পরিদর্শন ও বাজারের আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন বাজারের নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য পরিস্থিতির বিষয়ে নিয়মিত বাজার পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সম্মানিত কাউন্সিলরগণের নিকট হতে প্রাপ্ত তালিকায় বর্ণিত অবৈধ / অননুমোদিত ও ভাসমান বাজার বিজ্ঞ ম্যাজিস্ট্রেটের মাধ্যমে উচ্ছেদের ব্যবস্থা করতে হবে।<br>৩। আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষ্যে গণসচেতনতামূলক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।<br>৪। আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষ্যে অননুমোদিত বাজার স্থাপন রোধ এবং অবৈধ অস্থায়ী পথ বাজার উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। চসিক এলাকায় অবস্থিত বাজারসমূহে বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানীত সদস্যগণ কর্তৃক বাজার পরিদর্শন করতে হবে।<br>৬। চসিক এলাকায় বিভিন্ন বাজারের আবর্জনা দ্রুততম সময়ের মধ্যে পরিষ্কার পরিচ্ছন্ন করে বাজারের পরিবেশ সমুন্নত রাখতে হবে। | ক) সভাপতি/ সদস্য সচিব<br>বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>গ) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>ঘ) স্পেশাল ম্যাজিস্ট্রেট<br>ঙ) এস্টেট অফিসার<br>চ) জনসংযোগ কর্মকর্তা<br>ছ) প্রোগ্রামার<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

## ৪.২. অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ১৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির ২৪তম সভার* সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশনে নিয়াপত্তায় নিয়োজিত বেসরকারি সিকিউরিটি ফোর্স এর সুপার ভাইজারদের বর্তমানে প্রাপ্ত দৈনিক বেতন ৩৫০/-টাকার স্থলে দৈনিক বেতন ১১০/-টাকা বৃদ্ধিকরণ পূর্বক দৈনিক ৪৬০/-টাকা এবং নিরাপত্তা প্রহরীদের বর্তমানে প্রাপ্ত দৈনিক বেতন ২৯০/-টাকার স্থলে দৈনিক বেতন ১১০/-টাকা বৃদ্ধিকরণ পূর্বক দৈনিক ৪০০/-টাকা বেতন নির্ধারনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। অস্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের বেতন বৃদ্ধির বিবরে পেশকৃত বেতন কাঠামো অধিকতর যাচাই বাছাই করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

## ৪.৩. নারী ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| গত ২৩-০২-২০২৪খ্রি. তারিখে নারী ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় চসিক পরিচালিত বিদ্যালয় সমূহের ছাত্রীদেরকে ক্রীড়া অনুষ্ঠান অংশগ্রহণ নিশ্চিতে, নারীবান্ধব ওয়াশরুম নির্মাণে, অধ্যয়নরত হত দরিদ্র ও প্রান্তিক শিক্ষার্থীদের মাঝে স্কুল ব্যাগ বিতরণ সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। পড়ালেখার পাশাপাশি চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রীদেরকে ক্রীড়া ক্ষেত্রে অধিকতর পারদর্শী ও সুষ্ঠু মানসিক বিকাশে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণের সার্বিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) সভাপতি<br>নারী ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) কাউন্সিলর (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) প্রধান শিক্ষা কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ঘ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সংশ্লিষ্ট)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| | ২। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে নারী বান্ধব ওয়াশরুম নেই সে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নারী বান্ধব ওয়াশরুমের ব্যবস্থা গ্রহণে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক সার্বিক সহযোগিতাকরন সহ পাথরঘাটা সিটি কর্পোরেশন কলেজে স্থানীয় কাউন্সিলর কর্তৃক নারী বান্ধব ওয়াশরুম তৈরী করতে হবে। | |
| | ৩। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উপার্জনরত হত দরিদ্র ও প্রান্তিক শিক্ষার্থীদের মাঝে স্কুল ব্যাগ বিতরণের বিষয়ে আপাতত: বর্ণিত ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানে ৫০ টি করে ৫০০ টি ব্যাগ বিতরণ করতে হবে।<br>(১) চর চাক্তাই সি.ক. উচ্চ বিদ্যালয় (২) পাথরঘাটা সি.ক. বালক উচ্চ বিদ্যালয় (৩) পূর্ব বাকলিয়া সি.ক. বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ (৪) হযরত আবাদ শৈলবালা সি.ক. বালিকা উচ্চ বিদ্যালয় (৫) হালিশহর আলহাজ্ব মহব্বত আলী সি.ক. উচ্চ বিদ্যালয় (৬) ভোলানাথ মনোরমা সি.ক. উচ্চ বিদ্যালয় (৭) পতেঙ্গা সি.ক. বালিকা উচ্চ বিদ্যালয় (৮) হোসেন আহম্মদ চৌধুরী সি.ক. স্কুল এন্ড কলেজ (৯) শহীদ নগর সি.ক. বালিকা উচ্চ বিদ্যালয় (১০) নজির আহমদ চৌধুরী সি.ক. প্রাথমিক বিদ্যালয়। | |

**৪.৪ স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত:**

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ২২/০২/২০২৪ইং স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির ১২ তম সভায় ৬টি নির্বাচিত পরিষদের ০৩ বৎসর পূর্তি উপলক্ষ্যে ভারত থেকে আগত ডাক্তারগণ কর্তৃক ফ্রি চিকিৎসা প্রদান ,২০২৩-২০২৪ অর্থ বৎসরের জন্য ঔষধ সরবরাহ ,স্বাস্থ্য বিভাগের মাতৃসদন হাসপাতাল ও অন্যান্য প্রতিষ্ঠানের জন্য বিভিন্ন পদে লোকবল নিয়োগ এবং চসিক জেনারেল হাসপাতালে নিজস্ব ব্যবস্থাপনায় উন্নত চিকিৎসাসেবা কার্যক্রম গতিশীল করা প্রসঙ্গে গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬টি নির্বাচিত পরিষদের ০৩ বৎসর পূর্তি উপলক্ষ্যে ভারত থেকে আগত ডাক্তারগণ চসিক আন্দরকিল্লা পাবলিক লাইব্রেরী ভবনে রোগীদের ফ্রি চিকিৎসা প্রদান করবেন।<br>২। চসিক স্বাস্থ্য বিভাগের বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্র সমূহের চিকিৎসাসেবার জন্য ২০২৩-২০২৪ অর্থ বৎসরের জন্য ঔষধ সরবরাহ করতে হবে।<br>৩। স্বাস্থ্য বিভাগের মাতৃসদন হাসপাতাল ও অন্যান্য প্রতিষ্ঠানের জন্য বিশেষজ্ঞ চিকিৎসক, মেডিকেল অফিসার ও অন্যান্য পদে চাহিদার ভিত্তিতে বিধি মোতাবেক লোকবল নিয়োগ করতে হবে।<br>৪। চসিক জেনারেল হাসপাতাল হস্তান্তর না করে নিজস্ব ব্যবস্থাপনায় উন্নত চিকিৎসাসেবা কার্যক্রম গতিশীল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) প্রধান নির্বাহী কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

**৪.৫. আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ২২-০২-২০২৪ খ্রিঃ আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির ৭ম সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) নগরীর গুরুত্বপূর্ণ স্টেশন রোড, নিউ মার্কেট এলাকার রাস্তা, ফুটপাত দখলমুক্ত হওয়ায় উক্ত স্থানে যানবাহন ও পথচারীদের নির্বিঘ্ন চলাচলে যে স্বস্তি ও সড়কে শৃঙ্খলা ফিরে এসেছে তা ধারাবাহিকভাবে ধরে রাখার জন্য নিয়মিত তদারকি নিশ্চিত করতে হবে।<br>২) যে সব এলাকা থেকে উচ্ছেদের জন্য আবেদন আসবে সেসকল এলাকার জনসাধারণ ও দায়িত্বশীল ব্যক্তি বর্গকে সম্পৃক্ত করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | ক) সভাপতি<br>আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি ,চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) কাউন্সিলর (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) সদস্য সচিব ও<br>এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট,<br>আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

**আলোচ্যসূচি ৫ ঃ বিবিধ**

**৫.১. প্রকৌশল বিভাগের দরপত্র কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক গত ১১/০২/২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক ১১-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সাধারণ সভায় অনুমোদন করা হয় এবং পিপিআর ও সরকারী নিয়মনীতি অনুসরনে গুণগত মান বজায় রেখে যথাসময়ে কাজগুলো সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) প্রধান নির্বাহী কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রেজাউল করিম চৌধুরী, ২৮-৪-
মেয়র
ও
সভাপতি
৬ষ্ঠ নির্বাচিত পরিষদ
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১১.১৫০০.০০১.০৬.০০২.২৪- ৩৮৫

তারিখ: ২৪.০৬.২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ;
৩। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম;
৪। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম;
৫। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম;
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭। জেলা প্রশাসক, চট্টগ্রাম;
৮। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড, চট্টগ্রাম;
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, রহমতগঞ্জ, চট্টগ্রাম;
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সড়ক ও জনপথ অধিদপ্তর, রহমতগঞ্জ, চট্টগ্রাম;
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর; দেওয়ানবাজার, চট্টগ্রাম;
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মুরাদপুর, চট্টগ্রাম;
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, আগ্রাবাদ, চট্টগ্রাম;
১৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) চট্টগ্রাম বিভাগ, কোতোয়ালী, চট্টগ্রাম;
১৫। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম;
১৬। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, দেওয়ানহাট, চট্টগ্রাম;
১৭। উপ-পরিচালক, বিআরটিএ, বিভাগীয় অফিস, বালুছড়া, চট্টগ্রাম;
১৮। মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম;
১৯। অধিনায়ক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান-৭, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম;
২০। কাউন্সিলর ........................নং ওয়ার্ড/সংরক্ষিত আসন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন;
২১। বিভাগীয় প্রধান (সকল) ........................বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন;
২২। মাননীয় মেয়র এর একান্ত সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন;
২৩। শাখা প্রধান (সকল)........................চট্টগ্রাম সিটি কর্পোরেশন;
২৪। অফিস কপি।

২৫।০৬।

(শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
ইমেইল- ceo@ccc.gov.bd

## ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৭তম সাধারণ সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দের নাম

| ক্রঃ নং | সম্মানিত কাউন্সিলরবৃন্দের নাম | ওয়ার্ডের নাম |
|---|---|---|
| ১. | মোহাম্মদ গিয়াস উদ্দিন (প্যানেল মেয়র-২) | ১৫নং বাগমনিরাম ওয়ার্ড |
| ২. | আফরোজা জহুর (প্যানেল মেয়র-৩) | সংরক্ষিত ওয়ার্ড-১২ |
| ৩. | তাহমিনা বেগম (নুরজাহান) (৯,১০,১৩) | সংরক্ষিত ওয়ার্ড-৪ |
| ৪. | আনজুমান আরা (১৪,১৫,২১) | সংরক্ষিত ওয়ার্ড-৫ |
| ৫. | শাহীন আকতার রোজী (১৭,১৮,১৯) | সংরক্ষিত ওয়ার্ড নং-৬ |
| ৬. | নীলু নাগ (২২,৩০,৩১) | সংরক্ষিত ওয়ার্ড নং-৮ |
| ৭. | হুরে আরা বেগম (১১,২৫,২৬) | সংরক্ষিত ওয়ার্ড-১০ |
| ৮. | ফেরদৌসি আকবর (২৮,২৯,৩৬) | সংরক্ষিত ওয়ার্ড-১১ |
| ৯. | বেগম লুৎফুন্নেছা দোভাষ বেবী (৩৩,৩৪,৩৫) | সংরক্ষিত ওয়ার্ড নং-১৩ |
| ১০. | বেগম শাহীনুর বেগম (৩৯,৪০,৪১) | সংরক্ষিত ওয়ার্ড নং-১৪ |
| ১১. | গাজী মোঃ শফিউল আজিম | ০১নং দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ড |
| ১২. | জনাব মোঃ শাহেদ ইকবাল (বাবু) | ০২নং জালালাবাদ ওয়ার্ড |
| ১৩. | আলহাজ্ব মোঃ শফিকুল ইসলাম | ০৩নং পাঁচলাইশ ওয়ার্ড |
| ১৪. | জনাব মোঃ এসরারুল হক | ০৪ নং চান্দগাঁও ওয়ার্ড |
| ১৫. | জনাব মোহাম্মদ কাজী নুরুল আমিন | ০৫নং মোহরা ওয়ার্ড |
| ১৬. | জনাব এম আশরাফুল আলম | ০৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ড |
| ১৭. | জনাব মোঃ জহুরুল আলম জসিম | ০৯নং উত্তর পাহাড়তলী ওয়ার্ড |
| ১৮. | জনাব নিছার উদ্দিন আহমেদ | ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ড |
| ১৯. | জনাব মোঃ ওয়াসিম উদ্দিন চৌধুরী | ১৩নং পাহাড়তলী ওয়ার্ড |
| ২০. | জনাব আবুল হাসনাত মোঃ বেলাল | ১৪নং লালখান বাজার ওয়ার্ড |
| ২১. | জনাব মোঃ নূর মোস্তফা টিনু (টিটু) | ১৬নং চকবাজার ওয়ার্ড |
| ২২. | জনাব মোঃ নুরুল আলম | ১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড |
| ২৩. | জনাব মোহাম্মদ জাবেদ | ২৩নং উত্তর পাঠানটুলী ওয়ার্ড |
| ২৪. | জনাব নাজমুল হক | ২৪নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ড |

| | | |
|---|---|---|
| ২৫. | জনাব মোহাম্মদ ইলিয়াছ | ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ড |
| ২৬. | জনাব মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী | ২৭নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ড |
| ২৭. | জনাব গোলাম মোঃ জোবায়ের | ২৯নং পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ড |
| ২৮. | জনাব আতাউল্লাহ চৌধুরী | ৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ড |
| ২৯. | জনাব আবদুস সালাম মাসুম | ৩১নং আলকরণ ওয়ার্ড |
| ৩০. | জনাব জহর লাল হাজারী | ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড |
| ৩১. | জনাব হাসান মুরাদ | ৩৩নং ফিরিঙ্গী বাজার ওয়ার্ড |
| ৩২. | জনাব পুলক খাস্তগীর | ৩৪নং পাথরঘাটা ওয়ার্ড |
| ৩৩. | হাজী নুরুল হক | ৩৫নং বক্সিরহাট ওয়ার্ড |
| ৩৪. | জনাব মোঃ মোরশেদ আলী | ৩৬নং গোসাইলডাঙ্গা ওয়ার্ড |
| ৩৫. | জনাব মোহাম্মদ আবদুল মান্নান | ৩৭নং উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ড |
| ৩৬. | জনাব ছালেহ আহম্মদ চৌধুরী | ৪১ নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড |

<u>৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৭তম সাধারণ সভায় উপস্থিত আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা</u>

| ক্রমঃ নং | আমন্ত্রিত অতিথিবৃন্দের নাম | পরিচিতি |
|---|---|---|
| ১ | মোহাম্মদ কাজী হুমায়ুন রশীদ | এডিসি, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ । |
| ২ | আব্দুর রউফ | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ |
| ৩ | আহমদ মঈনুদ্দীন | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৪ | মোঃ রফিজুর রহমান | সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর |
| ৫ | সেগুন প্রসাদ বড়ুয়া | সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ৬ | ইঞ্জিনিয়ার গোলাম মোরশেদ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ৭ | মোঃ আবু মুসা | সহকারী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড |
| ৮ | মোঃ সফিকুল হক শাহ | বিভাগীয় কীটতত্ত্ববিদ, স্বাস্থ্য অধিদপ্তর |
| ৯ | মোঃ জাহাঙ্গীর আলম | ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স |
| ১০ | প্রকৌশলী আতিকুর রহমান | প্রতিনিধি বি.আর.টি.এ |
| ১১ | মোঃ আব্দুল হান্নান | ডিএডি, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব) |